# আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪ : ২৯

## আরবি মূল আয়াত:

فَنَادَوۡا صَاحِبَهُمۡ فَتَعَاطٰی فَعَقَرَ ﴿۲۹﴾

## অনুবাদসমূহ:

অতঃপর তারা তাদের সাথীকে ডেকে আনল। তখন সে উষ্ট্রীকে ধরল, তারপর হত্যা করল। — আল-বায়ান

শেষে তারা তাদের এক সঙ্গীকে ডাকল আর সে তাকে (অর্থাৎ উষ্ট্রীটিকে) ধরে হত্যা করল। — তাইসিরুল

অতঃপর তারা তাদের এক সঙ্গীকে আহবান করল, সে ওকে ধরে হত্যা করল। — মুজিবুর রহমান

But they called their companion, and he dared and hamstrung [her]. — Sahih International

২৯. অতঃপর তারা তাদের সঙ্গীকে ডাকল, ফলে সে সেটাকে (উষ্ট্রী) ধরে হত্যা করল।

-

তাফসীরে জাকারিয়া

(২৯) অতঃপর তারা তাদের এক সঙ্গীকে আহবান করল,[1] সে ওকে (উষ্ট্রীকে) ধরে হত্যা করল। [2]

[1] অর্থাৎ, যাকে তারা উটনীকে হত্যা করার জন্য উদ্বুদ্ধ করেছিল। যার নাম কুবদার বিন সালেফ বলা হয়। তাকে তার কাজ সম্পাদন করার জন্য ডাক দিল।

[2] অথবা তরবারি বা উটনীকে ধরে তার পা কেটে দিল। অতঃপর তাকে জবাই করে দিল। কেউ কেউ فَتَعَاطَى অর্থ করেছেন, فَجَسَرَসে সাহস করল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4875

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন